ঢাকা ওয়াসা

১। ২০২৪-২৫ অর্থ বছরের সংশোধিত অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
২। প্রাক্কলন।

বিষয়ঃ মড্স জোন-৯ এর ঢাকা মেট্রো-ঢ-১৪-০১২৭পানির গাড়ির বিভিন্ন যন্ত্রাংশ মেরামত করণ কাজের অনুমোদন প্রসংগে।

০১। উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে,ঢাকা ওয়াসা মড্স জোন-৯ হতে কুড়িল বিশ্বরোড থেকে আব্দুল্লাহপুর পর্যন্ত ঢাকা - ময়মনসিংহ মেইন রোড এর পূর্ব এবং পশ্চিম দুই পাশের এলাকায় পানি সরবরাহ করা হয়। প্রতি বছর শুষ্ক মৌসুমে কোন কারনে কোন পাম্প বন্ধ থাকলে অথবা কোন পাম্পের উৎপাদন কমে গেলে অত্র এলাকাসমূহে পানির সংকট দেখা দেয়। এছাড়াও যে কোন মেরামত ও রক্ষনাবেক্ষন কাজ, লোডশেডিং ইত্যাদি করনে সাময়িক সময়ে পানি সরবরাহ বন্ধ থাকলেও জনমনে অসন্তোষ ও ক্ষোভ সৃষ্টি হয় যা ঢাকা ওয়াসার সুনাম ক্ষুন্ন করে। চাহিদার তুলনায় উৎপাদন কম হওয়ায় নিরবিছিন্নভাবে পানি সরবরাহ করা যায় না। এই অবস্থায় শুষ্ক মৌসুমে ঢাকা ওয়াসার সম্মনিত গ্রাহক গনকে প্রয়োজনীয় পানি প্রাপ্তির লক্ষ্যে ২৪ ঘন্টা পানির গাড়ীর মাধ্যমে পানি সরবরাহ করা হয়ে থাকে। উক্ত গাড়িটি ২৪ ঘন্টা পানি সরবরাহ করার কারনে প্রায় সময় বিভিন্ন যন্ত্রাংশ বিকল হয়ে পড়ে । তাই জরুরী ভিত্তিতে ঢাকা মেট্রো- ঢ-১৪-০১২৭পানির গাড়িটির বিভিন্ন যন্ত্রাংশ মেরামত কাজ করার জন্য একটি প্রাক্কলন প্রস্তুত করা হল। প্রাক্কলনের সর্বমোট টাকার পরিমান দাঁড়িয়েছে ২৪,৭৫০/- (চব্বিশ হাজার সাতশত পঞ্চাশ টাকা মাত্র) টাকা। খরচের ব্যয়ভার মড্স জোন-৯ এর ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক কর্মপরিকল্পনার যানবাহন রক্ষণাবেক্ষন খাতের ক্রমিক নং- D-2 (6) হতে নির্বাহ করা হবে।

০২। এমতাবস্থায়, মড্স জোন-৯ এর ঢাকা মেট্রো-ঢ-১৪-০১২৭পানির গাড়ির বিভিন্ন যন্ত্রাংশ মেরামত করণ কাজ বাবদ= ~~২৪,০৭০~~ ২৪,৭৫০/- (চব্বিশ হাজার ~~সত্তর~~ সাতশত পঞ্চাশ টাকা মাত্র) টাকা পি.পি. আর ২০০৮ এর বিধি ৮১/ ১ ধারা মোতাবেক অস্থায়ী অগ্রিম হিসাবে প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক অনুমোদন করা যেতে পারে।

16-6-25
জহিরুল ইসলাম
উপ-সহকারী প্রকৌশলী
মড্স জোন-৯
ঢাকা ওয়াসা

SDE
23/06/25
মোঃ দেলোয়ার হোসেন
উপ-বিভাগীয় প্রকৌশলী
মড্স জোন-৯
ঢাকা ওয়াসা

AE
18/06/25
মোঃ ইমার খান
নির্বাহী প্রকৌশলী
মড্স জোন ৯, ঢাকা ওয়াসা

SE (MODS Circle-2)
২৮/০৬/২৫
প্রকৌশলী মোঃ শাহ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মড্স সার্কেল-২, ঢাকা ওয়াসা।

অনুমোদিত
/06/2025
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা